একটি শিশুর মৃত্যু হবার পর যে রিভিউটি আমাদেরকে অবশ্যই করতে হয় –

পরিবার এবং কেয়ারারদের জন্যে তথ্যাবলী

এই অত্যন্ত করুণ সময়ে আমরা আমাদের আন্তরিক সমবেদনা প্রকাশ করছি।

আইন অনুসারে লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ড্‌স্‌-এর এখন অত্যাবশ্যক দুটি জিনিস করাদরকার।

প্রথমতঃ, নিশ্চিত করা যে আপনাকে **সহায়তা** দেয়া হচ্ছে।

দ্বিতীয়তঃ, শিশু মৃত্যু পর্যালোচনা (চাইল্ড ডেথ্‌ রিভিউ) নামক একটি প্রক্রিয়া পরিচালনা করা। কেন আপনার শিশুর মৃত্যু হয়েছে এবং কেন এসেক্স-এ অন্যান্য শিশুরা মারা যাচ্ছে সে সম্পর্কে যথাসম্ভব বেশি যাতে আমরা বুঝতে সক্ষম হই সে ব্যাপারে আমাদেরকে সাহায্য করাই হচ্ছে এই প্রক্রিয়ার উদ্দেশ্য। আপনার প্রতি সমর্থন যোগানোর ক্ষেত্রে সাহায্যের জন্যে এবং আমাদের এলাকার শিশুদের জন্যে সার্ভিসগুলো উন্নত করার ব্যাপারে আমরা এই তথ্যাবলী কাজে লাগাবো।

আমাদের প্রয়োজন এই প্রক্রিয়াটি এবং আপনার বেলায় এর মানে কি দাঁড়াবে সে সম্পর্কে আপনাকে বলা।

ভূমিকা

আইনানুসারে ইহা অত্যাবশ্যকীয় যে লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ডগুলো তাদের এলাকায় বসবাসরত 18 বছর বয়স পর্যন্ত প্রতিটি শিশুর মৃত্যু রিভিউ তথা পর্যালোচনা করে দেখা।

এই প্রক্রিয়াটির মাধ্যমে আমরা চিহ্নিত করার চেষ্টা করবো যে এসেক্স্‌ এবং অন্যান্য স্থানে যে মৃত্যুগুলো ঘটছে সে'গুলোর মাঝে কোন মিল রয়েছে কিনা। সব শিশু মৃত্যুগুলো রিভিউ করলে তা হয়ত শিশুদের সাথে কাজ করে এরূপ সংগঠনগুলোকে সাহায্য করবে, যাতে তাদের কাজ এবং যে সার্ভিসগুলো তারা প্রদান করে সে'গুলো তারা উন্নত করতে সক্ষম হয়। কেনো আপনার শিশুর মৃত্যু হয়েছে সে সম্পর্কে যথাসম্ভব বেশি যাতে আপনি বুঝতে সক্ষম হন এবং আপনার প্রতি যাতে যথোপযুক্তভাবে সমর্থন যোগান হয় তা নিশ্চিতকরণে আপনার শিশুর মৃত্যু রিভিউ আমাদেরকে সাহায্য করবে।

আপনার শিশুর মৃত্যুর পরিস্থিতির উপর নির্ভর করে দুটি উপায়ের একটির মাধ্যমে রিভিউ পরিচালনা করা হবে, যা পরবর্তী পৃষ্ঠাগুলোতে ব্যাখ্যা করা হয়েছে। আপনি যে পেশাদার ব্যক্তিদের সাথে কাজ করছেন তারা আপনাকে জানাবেন কোন্‌ ধরনের রিভিউ হবে এবং কখন সেটি হবে।

লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ড কি?

লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ড্‌স (LSCB) হচ্ছে একটি সংগঠন যেটি সেসব সংস্থাগুলোকে একত্রিত করে যাদের ভূমিকা রয়েছে স্থানীয়ভাবে শিশুদেরকে নিরাপদ এবং স্বস্থ রাখার ক্ষেত্রে। এর অন্তর্ভুক্ত রয়েছে স্থানীয় কর্তৃপক্ষের চিলড্রেন্‌স্‌ সার্ভিসেস্‌, হেলথ্‌ সার্ভিসেস্‌, পুলিশ এবং ডিস্ট্রিক্ট কাউন্সিলসমূহ। এই এলাকার জন্যে তিনটি সেইফ্‌গার্ডিং বোর্ড অর্থাৎ নিরাপত্তা প্রদানকারী পরিষদ রয়েছে - সাউথ্‌এন্ড, এসেক্স্‌ এবং থূরক্‌-এর জন্যে একটি করে। বোর্ডগুলো নানা ধরনের কাজ করে থাকে, যেমনঃ নীতিমালা এবং পদ্ধতিগুলো রচনা করা, শিশুদের সাথে কাজ করার জন্যে লোকজন যথাযথভাবে প্রশিক্ষণপ্রাপ্ত কিনা তা পরীক্ষা করা এবং শিশুদেরকে কিভাবে নিরাপদ রাখতে হয় সে ব্যাপারে লোকজনকে উপদেশ দেয়া। 2008 সনের এপ্রিল মাস থেকে আমাদেরকে বলা হয়েছিল আমাদের এলাকার শিশু মৃত্যুগুলো সম্পর্কে তথ্য সংগ্রহ আরম্ভ করার এবং সে'গুলো পর্যালোচনার জন্যে। এ কাজটি করতে হলে আমাদেরকে পাঁচটি স্থানীয় শিশু মৃত্যু রিভিউ প্যানেল গঠন করতে হবে, যেগুলোর আওতায় এসেক্সের বিভিন্ন এলাকা অন্তর্ভুক্ত থাকবে।

অপ্রত্যাশিত মৃত্যুগুলোর রিভিউ

যদি আপনার শিশুর মৃত্যু অপ্রত্যাশিত হয়ে থাকে তাহলে পেশাদার ব্যক্তিদের সমন্বয়ে গঠিত দ্রুত সাড়াদানকারী একটি টীম আপনার সাথে যোগাযোগ করবে, যার অন্তর্ভুক্ত থাকবেন একজন বিশেষজ্ঞ ডাক্তার অথবা নার্স, একজন বিশেষজ্ঞ পুলিশ অফিসার এবং কোন কোন বিশেষ পরিস্থিতিতে, সোশাল কেয়ার থেকে কেউ একজন। আপনার শিশু এবং যে যে পরিস্থিতিগুলো তাকে মৃত্যুর দিকে ঠেলে দিয়েছে সে'গুলো সম্পর্কে তথ্য সংগ্রহ এবং পর্যালোচনা তথা রিভিউ করবে। এর অন্তর্ভুক্ত থাকবে হাসপাতাল, স্থানীয় স্বাস্থ্য সেবা, স্কুল, পুলিশ এবং চিলড্রেন্‌স্‌ সার্ভিসগুলোর কাছে সংরক্ষিত তথ্যাবলী।

উক্ত টীমের প্রয়োজন হবে আপনার সাথে কথা বলা এবং যে স্থানে আপনার শিশুর মৃত্যু হয়েছে সে জায়গাটিতে যাবার কথাও হয়ত তারা বলতে পারে। কি ঘটেছে সে সম্পর্কে আরো তথ্য সংগ্রহ করার, আপনার শিশুর মৃত্যুর আগ পর্যন্ত যা যা ঘটেছে সে'গুলো সম্পর্কে আপনার বলার এবং আপনার যদি কোন প্রশ্ন থাকে সে'গুলো জিজ্ঞাসা করার এক সুযোগ হচ্ছে এই ভিজিটটি।

সব তথ্যগুলো সংগৃহীত হবার পর, যা করতে হয়ত কয়েক মাস পর্যন্ত লাগতে পারে, আপনার এলাকার লোকাল চাইল্ড ডেথ্‌ রিভিউ প্যানেল বৈঠকে মিলিত হবে এ তলিয়ে দেখার জন্যে যে টীমটি কি খুঁজে পেয়েছে। এই তথ্যগুলো ভাগাভাগি করার জন্যে উক্ত টীমের সদস্যরা তাদের সাথে দেখা করার সুযোগও আপনাকে দেবেন।

উক্ত প্যানেলটি বিশেষজ্ঞ ডাক্তার এবং নার্স, পুলিশ ও সোশাল কেয়ার পেশাদারদের সমন্বয়ে গঠিত। কি কারণে আপনার শিশুর মৃত্যু হয়েছে এবং আপনাকে সঠিক সমর্থন এবং সার্ভিসসমূহ প্রদান করা হয়েছে কিনা সে ব্যাপারে তারা তাদের অভিমত দেবেন। অতঃপর তারা এইমর্মে সিদ্ধান্ত দেবেন যে, ভিন্নভাবে এমন কিছু করা যেতো কিনা যা হয়ত ভবিষ্যতে অনুরূপ মৃত্যুগুলো প্রতিরোধ করতে পারে।

শিশুদের জন্যে যে সার্ভিসগুলো রয়েছে সে'গুলো উন্নত করা সম্পর্কে চাইল্ড ডেথ্‌ রিভিউ প্যানেল হয়ত সুপারিশমালা প্রদান করতে পারে এবং তারা যে মৃত্যুগুলো রিভিউ করেছেন সে'গুলোর মাঝে কোন মিল খুঁজে পেয়ে থাকলে সে'গুলো চিহ্নিত করার কথা তাদেরকে বলা হবে। যদি কোন সুপারিশ দেয়া হয় তবে সেটি লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ডসমূহ যাচাই করে দেখবে। সম্মত ক্ষেত্রে, বোর্ডগুলো সুপারিশমালার বাস্তবায়ন ঘটাবে।

প্রত্যাশিত মৃত্যুগুলোর রিভিউ

যদি এমন হয়ে থাকে যে আপনার শিশু বেশ কিছু দিন যাবৎ অসুস্থ ছিল এবং তার মৃত্যু যদি প্রত্যাশিত হয়, তবে আপনি যে পেশাদার ব্যক্তিদের সাথে কাজ করছেন তারা আপনার এবং আপনার পরিবারের প্রতি সমর্থন যোগাবেন। লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ডগুলোকে অনুরোধ করা হবে আপনার শিশুর মৃত্যুর ব্যাপারে একটি রিভিউ হাতে নেয়ার জন্যে এবং তারা এটি করবে আপনি যে সংগঠনগুলোর সাথে কাজ করছেন সে'গুলোর কাছ থেকে তথ্যাদি সংগ্রহ করার মধ্যে দিয়ে। এ'গুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে হাসপাতাল, স্থানীয় হেলথ্‌ সার্ভিস, স্কুল, পুলিশ এবং চিলড্রেন্‌স্‌ সার্ভিসেস্‌।

এই সংগঠনগুলোর কাছ থেকে আমরা জবাব পাবার পর, আপনার এলাকার লোকাল চাইল্ড ডেথ্‌ রিভিউ প্যানেল বৈঠকে মিলিত হবে আমাদের সংগৃহীত তথ্যগুলো তলিয়ে দেখার জন্যে। উক্ত প্যানেলটি বিশেষজ্ঞ ডাক্তার এবং নার্স, পুলিশ ও সোশাল কেয়ার পেশাদারদের সমন্বয়ে গঠিত। তাদেরকে প্রদত্ত তথ্যাদির উপর ভিত্তি করে, কি কারণে আপনার শিশুর মৃত্যু হয়েছে এবং আপনাকে সঠিক সমর্থন এবং সার্ভিসসমূহ প্রদান করা হয়েছে কিনা সে ব্যাপারে তারা তাদের অভিমত দেবেন। অতঃপর তারা এইমর্মে সিদ্ধান্ত দেবেন যে, ভিন্নভাবে এমন কিছু করা যেতো কিনা যা হয়ত ভবিষ্যতে অনুরূপ মৃত্যুগুলো প্রতিরোধ করতে পারে।

শিশুদের জন্যে যে সার্ভিসগুলো রয়েছে সে'গুলো উন্নত করা সম্পর্কে চাইল্ড ডেথ্‌ রিভিউ প্যানেল হয়ত সুপারিশমালা প্রদান করতে পারে এবং তারা যে মৃত্যুগুলো রিভিউ করেছেন সে'গুলোর মাঝে কোন মিল খুঁজে পেয়ে থাকলে সে'গুলো চিহ্নিত করার কথা তাদেরকে বলা হবে। যদি কোন সুপারিশ দেয়া হয় তবে সেটি লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ডসমূহ যাচাই করে দেখবে। সম্মত ক্ষেত্রে, বোর্ডগুলো সুপারিশমালার বাস্তবায়ন ঘটাবে।

প্রত্যাশিত মৃত্যুর ক্ষেত্রে বিশেষজ্ঞ পেশাদার ব্যক্তিদের সমন্বয়ে দ্রুত সাড়াদানকারী কোন টীম গঠন করা হবে না অথবা যে স্থানে আপনার শিশুর মৃত্যু হয়েছে সে স্থানটি ভিজিট করা হবে না, যা অপ্রত্যাশিত মৃত্যুগুলোর ক্ষেত্রে সাধারণত করা হয়ে থাকে।

প্রায়শঃই জিজ্ঞাসা করা হয় এরূপ কিছু প্রশ্ন

রিভিউ তথা পর্যালোচনা প্রক্রিয়ায় মাতাপিতা এবং পরিবার জড়িত হবেন কিভাবে?

আপনার শিশুর মৃত্যুর পর নানান পেশাদার ব্যক্তিদের সাথে আপনার যোগাযোগ ঘটবে এবং যদি মৃত্যুটি অপ্রত্যাশিত হয়ে থাকে তবে প্রফেশনাল র‍্যাপিড্ রেসপন্স্ টীমও (পেশাদার ব্যক্তিদের সমন্বয়ে গঠিত দ্রুত সাড়াদানকারী একটি টীম) আপনার সাথে যোগাযোগ করবে। আপনার শিশুর মৃত্যু নিয়ে আপনি তাদের সাথে আলোচনা করতে সক্ষম হবেন এবং তারা আপনার মতামতগুলো স্থানীয় প্যানেলের কাছে পৌঁছে দিতে পারবেন। দুঃখজনকভাবে, মাতাপিতা অথবা পরিবারের প্রতিনিধিবৃন্দ চাইল্ড ডেথ্ রিভিউ প্যানেল মিটিংয়ে (শিশু মৃত্যু পর্যালোচনা প্যানেল বৈঠক) উপস্থিত থাকতে পারবেন না; কিন্তু যদি আপনার কাছে বিশেষ কোন তথ্য থাকে যেটি আপনি তাদেরকে জানাতে চান, তাহলে অনুগ্রহ করে পেশাদারদের কাউকে অথবা লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ডকে (LSCB) তা অবগত করুন। একটি রিভিউ চলাকালীন সময়ে মৃত্যুটি পর্যালোচনাকারী পেশাদার ব্যক্তিদের টীম অথবা স্থানীয় প্যানেল আপনার শিশুর মৃত্যুর ক্ষেত্রে ভূমিকা রেখেছে এরূপ দিকগুলো সম্পর্কিত তথ্যাদি হয়ত চিহ্নিত করতে পারে, যেগুলো তারা মনে করবেন যে আপনার জন্যে জানা গুরুত্বপূর্ণ। যদি তা-ই হয়, তাহলে আপনার সাথে জড়িত পেশাদার ব্যক্তিদের একজন আপনাকে উক্ত তথ্যগুলো ব্যাখ্যা করে বুঝিয়ে দেবেন। অধিকাংশ ক্ষেত্রে রিভিউ হবে একটি নিয়মমাফিক কাজ এবং আপনি ইতোমধ্যে অবগত নন এরূপ কোন তথ্য রিভিউর মাধ্যমে চিহ্নিত হবার সম্ভাবনা কম।

আমাকে বলা হয়েছে যে আমার শিশুর মৃত্যুর ব্যাপারে একটি করোনার্স ইন্‌কোয়েস্ট (অনুসন্ধান) অনুষ্ঠিত হবে। এই প্রক্রিয়াটি তাহলে সেটির সাথে কিভাবে সম্পর্কিত?

এ দুটি হচ্ছে পৃথক পৃথক প্রক্রিয়া। তথাপি, যদি কোন অনুসন্ধান হয় তবে চাইল্ড ডেথ্ রিভিউ টীম করোনার্স অফিসের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে এবং তাদের সাথে তথ্যাবলী বিনিময় করবে।

যদি অন্য কোন তদন্তসমূহ চলমান থাকে তবে এই রিভিউ প্রক্রিয়া কি সে'গুলোর উপর প্রভাব ফেলবে?

এরূপ সম্ভব যে অন্যান্য সংস্থাও, যেমন পুলিশ অথবা সোশাল কেয়ার, হয়ত আপনার শিশুর মৃত্যুটি তদন্ত করবে। এরূপ তদন্ত এবং সে'গুলোর ফলাফল সম্পর্কে আমাদেরকে অবগত করা হবে, কিন্তু আমাদের রিভিউ একটি পৃথক বিষয় হিসাবে কাজ করবে।

প্যানেল কিভাবে তাদের প্রাপ্ত ফলাফলগুলো রিপোর্ট করবে?

লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ডগুলোর জন্যে আবশ্যকীয়তা হচ্ছে তাদের শিশু মৃত্যু পর্যালোচনা প্রক্রিয়ার ফলাফলগুলোর উপর বাৎসরিক একটি রিপোর্ট অর্থাৎ প্রতিবেদন প্রকাশ করা। এই রিপোর্টটি পরিসংখ্যানগত তথ্যাবলী এবং কোন সুপারিশমালা করা হয়ে থাকলে সে'গুলোর প্রতি বিশেষ মনোযোগ দেবে। উক্ত রিপোর্টের কোন অংশ আপনার শিশুর নাম উল্লেখ অথবা আপনার শিশুকে চিহ্নিত করবে না। যদি আপনি আমাদেরকে জানান যে আপনি এই রিপোর্টের একটি কপি পেতে আগ্রহী, তাহলে আপনার জন্যে একটি কপির বন্দোবস্ত করা হবে।

গোপনীয়তা

আমরা আপনাকে আশ্বস্ত করতে চাই যে, তথ্য সংগ্রহের জন্যে বোর্ডগুলোর রয়েছে সুদৃঢ় নিরাপত্তা পদ্ধতিমালা এবং কঠোর গোপনীয়তা বজায় রেখে তথ্যগুলো মজুত রাখা হয়। স্থানীয় প্যানেল থেকে লোকাল সেইফ্‌গার্ডিং চিলড্রেন বোর্ডগুলোর কাছে তথ্যাদি প্রেরণের আগে সে'গুলো বেনামী থাকে। এই প্রক্রিয়া সম্পর্কে বোর্ডগুলো যদি কোন তথ্য প্রকাশ করে তবে তা থেকে কোন শিশুর পরিচয় পাওয়া যাবে না।

এই প্রক্রিয়া সম্পর্কে কোথা হতে আমি আরো তথ্য পাবো?

- এসেক্স্ সেইফ্গার্ডিং চিলড্রেন বোর্ডের ওয়েব্সাইট: **www.escb.co.uk**
- সাউথ্এন্ড, এসেক্স্ এবং থূরক্ চাইল্ড ডেথ্ রিভিউ অফিসার, টেলিফোন: **01245 506645** অথবা ই-মেইল: **cdr@essex.gov.uk**
- "শিশুদেরকে রক্ষার জন্যে মিলিতভাবে কাজ করা" বা ('Working Together to Safeguard Children") নামক সরকারি দিকনির্দেশনা হতে; **www.everychildmatters.gov.uk** সাইটে এটি রয়েছে।
- আপনার শিশুর মৃত্যুর ফলশ্রুতিতে আপনি যে পেশাদার ব্যক্তিদের সাথে জড়িত হয়েছেন তাদের যেকোন কারো কাছ থেকে

শোকসন্তপ্ত মাতাপিতা এবং পরিবারগুলোর জন্যে সমর্থন এবং সম্পদ:
দ্য চাইল্ড বিরিভ্ম্যান্ট ট্রাস্ট (The Child Bereavement Trust) হেল্পলাইন: 01494 446648 (অফিস খোলা থাকাকালীন সময়ে)
www.childbereavement.org.uk

দ্য কম্পেশোনেট ফ্রেন্ড্স্ (The Compassionate Friends)
হেল্পলাইন: 0845 123 2304 (সকাল 10.00টা-বিকাল 4.00 টা/সন্ধ্যা 6.30টা-রাত 10.30টা)
www.tcf.org.uk

সব শোকসন্তপ্ত ব্যক্তিদের জন্যে সমর্থন এবং কাউন্সেলিং (পরামর্শ):
ক্রুজ্ (Cruse) (মৃত্যু বা তজ্জনিত শোক সংশ্লিষ্ট তত্ত্বাবধান)
হেল্পলাইন: 0870 167 1677 (সকাল 9.30টা-বিকাল 5.00 টা)
www.crusebereavementcare.org.uk

কচিশিশুর হঠাৎ মৃত্যুর ফলে শোকসন্তপ্ত এরূপ পরিবারগুলোর জন্যে সহায়তা (কট্-এ মৃত্যু)
কচিশিশুদের মৃত্যু সম্পর্কে গবেষণাকারী ফাউন্ডেশন- FSID এর হেল্পলাইন (Foundation for the Study of Infant Death - FSID):
0808 802 6868 (সোম-শুক্রবার সকাল 9.00টা-রাত 11.00টা; শনি ও রোববার সন্ধ্যা 6.00টা-রাত 11.00টা)
www.sids.org.uk

স্যান্ড্স্ (Sands: Stillbirth and Neonatal Death Society - জন্মকালে মৃত শিশু এবং নবজাতকদের মৃত্যু নিয়ে এই সোসাইটি কাজ করে)
হেল্পলাইন: 020 7436 5881 (সোম-শুক্রবার সকাল 9.30টা-বিকাল 5.30টা)
www.uk-sands.org

দ্য চাইল্ড ডেথ্ হেল্পলাইন (The Child Death Helpline)
08200282935
www.childeathhelpline.org.uk